

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল
প্রশাসন-১ শাখা
জাতীয় স্কাউট ভবন (১২ ও ১৩তম তলা)
৬০, আঞ্জুমান মুফিদুল ইসলাম সড়ক,
কাকরাইল, ঢাকা-১০০০।
www.jamuka.gov.bd

নং- ৪৮.০২.০০০০.০০১.০০.২৯২.১৮-১৩৪৪


তারিখ ০৯ পৌষ, ১৪২৭ বঃ
২৪ ডিসেম্বর, ২০২০ খ্রিঃ

বিষয়: বেসামরিক গেজেটভুক্ত বীর মুক্তিযোদ্ধাদের মহান স্বাধীনতা যুদ্ধে অংশগ্রহণের যথার্থতা যাচাই-বাছাই করার লক্ষ্যে তালিকা প্রকাশ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল আইন, ২০০২ এর ৭(ব) ধারার ব্যত্যয় ঘটিয়ে জামুকা'র অনুমোদন ব্যতীত যে সকল বেসামরিক গেজেট প্রকাশিত হয়েছে ঐ সকল গেজেটে প্রকাশিত বীর মুক্তিযোদ্ধাদের মহান মুক্তিযুদ্ধে অংশগ্রহণের যথার্থতা যাচাই-বাছাই করার লক্ষ্যে একটি তালিকা মন্ত্রণালয়ের ওয়েবসাইট (www.molwa.gov.bd) এবং জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিলের ওয়েবসাইট (www.jamuka.gov.bd) এ প্রকাশ করা হয়েছে। উক্ত তালিকায় ভারতীয় তালিকা বা লাল মুক্তিবার্তায় (চূড়ান্ত লাল বই) বর্ণিত বীর মুক্তিযোদ্ধাদের নাম যাচাই-বাছাইয়ের তালিকায় অন্তর্ভুক্ত করা হয়েছে মর্মে অভিযোগ উত্থাপিত হওয়ায় প্রকাশিত তালিকা পুনরায় পর্যালোচনা করা হচ্ছে। এছাড়া, উল্লিখিত যাচাই-বাছাইয়ের তারিখ ও সময় ১৯ ডিসেম্বর, ২০২০ এর পরিবর্তে ৯ জানুয়ারি, ২০২১ খ্রিঃ তারিখ নির্ধারিত হওয়ায় উক্ত সময়ের পূর্বে বর্ণিত যাচাই-বাছাইয়ের জন্য সংশোধিত তালিকা উল্লিখিত ওয়েবসাইটে পুনরায় প্রকাশ করা হবে।

০২। এ প্রেক্ষিতে, উল্লিখিত যাচাই-বাছাইয়ের জন্য ইতোমধ্যে ওয়েবসাইটে প্রকাশিত তালিকার পরিবর্তে আগামী ০৩/০১/২০২১ তারিখে প্রকাশিতব্য সংশোধিত তালিকার ভিত্তিতে যাচাই-বাছাই কার্যক্রম পরিচালনার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

উপজেলা নির্বাহী অফিসার (সকল)


(মো: জহুরুল ইসলাম রোহেল)
মহাপরিচালক
(অতিরিক্ত সচিব)
ফোন: ০২-৫৮৩১৩৪০৬
ফ্যাক্স: ০২-৫৮৩১৩৪০৫
ইমেইল: dg@jamuka.gov.bd

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে

১। জেলা প্রশাসক (সকল)।

২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব (উপসচিব), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, পরিবহন পুল ভবন, ঢাকা।

৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, পরিবহন পুল ভবন, ঢাকা।